

কেন চেয়ে আছ, গো মা, মুখপানে ।

এরা চাহে না তোমারে চাহে না যে, আপন মায়েরে নাই জানে ।

এরা তোমায় কিছু দেবে না, দেবে না— মিথ্যা কহে শুধু কত কী ভাণে ॥

তুমি তো দিতেছ, মা, যা আছে তোমারি— স্বর্ণশস্য তব, জাহ্নবীবারি,

জ্ঞান ধর্ম কত পুণ্যকাহিনী ।

এরা কী দেবে তোরে ! কিছু না, কিছু না । মিথ্যা কবে শুধু হীনপরানে ॥

মনের বেদনা রাখো, মা, মনে । নয়নবারি নিবারো নয়নে ॥

মুখ লুকাও, মা, ধূলিশয়নে— ভুলে থাকো যত হীন সন্তানে ।

শূন্য-পানে চেয়ে প্রহর গণি গণি দেখো কাটে কিনা দীর্ঘ রজনী ।

দুঃখ জানায়ে কী হবে, জননী, নির্মম চেতনাহীন পাষাণে ॥

Parjaay: Swadesh, Taal: Kaharwa, Raag: Kafi

Visit www.geetabitan.com for notation and other detail